দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 JUN 1995
পৃষ্ঠা ১২ কলাম ৫

17

# আমাদের শিক্ষা কর্মসূচী সাধারণ মানুষের শোষণমুক্তি নিশ্চিত করবে ॥ প্রধানমন্ত্রী

**সুন্দরগঞ্জ (গাইবান্ধা), ১৩ জুন (ইউএনবি)** ।- প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, স্বাধীনতার সুফল দেশের প্রতিটি নাগরিকের দোরগোড়ায় পৌঁছে দিতে বিএনপি সরকার বিরামহীনভাবে কাজ করছে। প্রধানমন্ত্রী বলেন, 'দেশ থেকে দারিদ্র্য ও নিরক্ষরতা দূর করে আমরা দেশকে সামনে এগিয়ে নিচ্ছি।' বর্তমান অগ্রগতির ধারা অব্যাহত রাখতে তিনি বিএনপিকে শক্তিশালী করার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

মঙ্গলবার বিকালে তিনি গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ থানাধীন মজুমদারহাট পাঁচগাছি শান্তিরাম মডেল হাইস্কুল মাঠে এক বিরাট জনসভায় ভাষণ দেয়ার সময় এ আহ্বান জানান।

জাতীয় পার্টি গাইবান্ধা জেলা কমিটির সভাপতি ও সংসদ সদস্য হাফিজুর রহমান প্রামাণিক ছয়জন ইউপি চেয়ারম্যানসহ বিএনপিতে যোগ দেন এই সমাবেশে উপস্থিত থেকে। তিনি হলেন বিএনপিতে যোগদানকারী জাতীয় পার্টির ষষ্ঠ এমপি। প্রধানমন্ত্রীকে এক নজর দেখা ও তাঁর ভাষণ শোনার জন্য দূর-দূরান্তের সকল বয়সের হাজার হাজার নারী-পুরুষ সমাবেশে উপস্থিত হন।

সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশের প্রতিটি নাগরিককে শিক্ষিত করার জন্য বিএনপি সরকার ব্যাপক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে। এ প্রসঙ্গে তিনি তাঁর সরকার গৃহীত অবৈতনিক প্রাথমিক শিক্ষা, গণশিক্ষা ও শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী এবং ছাত্রীদের জন্য দশম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষা ও বৃত্তি দানের কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, সরকারের এসব কর্মসূচীর ফলে স্কুল ও গণশিক্ষা কেন্দ্রের সংখ্যা ব্যাপকভাবে বেড়েছে, কমেছে স্কুল ত্যাগের হার।

প্রধানমন্ত্রী বলেন, 'গ্রামের লোকেরা নিরপরাধ। তাদের সরলতা আর অশিক্ষার সুযোগ নিয়ে একশ্রেণীর লোক তাদের শোষণ করে। আমার সরকার গৃহীত শিক্ষামূলক কর্মসূচী এটা নিশ্চিত করবে যে তাদের আর কেউ শোষণ করছে না।' প্রধানমন্ত্রী ছেলেমেয়েদের স্কুলে পাঠিয়ে শিক্ষিত করার জন্য জনগণের কাছে আহ্বান জানান। দরিদ্র লোকজনকে তিনি বলেন, সরকার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী আরও সম্প্রসারণ করবে, যাতে তাদের ছেলেমেয়েরা অশিক্ষিত না থাকে।

প্রধানমন্ত্রী সরকারের দেয়া ঋণ ও প্রশিক্ষণ কর্মসূচীর সুযোগ গ্রহণ করার জন্য বেকার ও গ্রামীণ মহিলাদের আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, 'বেকার থাকার চেয়ে আত্মকর্মসংস্থান অনেক ভাল।'

প্রধানমন্ত্রী বলেন, 'দেশকে এগিয়ে নেয়ার সময় এসেছে।' বর্তমান সরকার সূচিত দেশগঠন কাজে অংশ নিতে তিনি সবার প্রতি আহ্বান জানান। বেগম জিয়া বলেন, 'তাঁর সরকার একের পর এক উন্নয়নমূলক ও জনকল্যাণকর কর্মসূচী নিচ্ছে সাধারণ মানুষের ভাগ্য উন্নয়নের জন্য।' তিনি বিএনপিকে সমর্থন করার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।